

(ঘ) 'মা, না জেনে তোমার ওপর অত্যন্ত অন্যায় আমি করেছিলাম, আজ তারই শাস্তি আমাকে নিতে হবে।'—কে, কী অন্যায় করেছিল? শাস্তিটি কী ছিল? ১+১+৩ [অথবা], 'সেদিন অনেকদিন পরে ভাল সিগারেট টেনেছিল সুব্রত। কিন্তু ঠিক যেন আগের মত স্বাদ নেই'—কোন গল্পের অংশ? উক্তিটির তাৎপর্য সংক্ষেপে বিশ্লেষণ করো। ১+৪

(ঙ) 'দেশের পুরো অতীতটা পাচা—নির্মম সার্জারি না চালালে নতুন রক্ত সঞ্চালিত হবে না।' উক্তিটির মাধ্যমে বক্তার যে মনোভাব প্রকাশিত হয়েছে, সংক্ষেপে তার পরিচয় দাও। ৫

[অথবা], 'ওস্তাদ ছেলে। পৌত্তলিক হবার পর নিজের দেবতাও বেছে নিয়েছ এমন এক দাড়িওয়ালাকে, যে কলমা পড়ে।'—কে, কাকে বলেছে? 'দাড়িওয়ালার' বলতে কাকে বোঝানো হয়েছে? উক্তিটি মধ্যে দিয়ে কোন জাতীয় মনোভাব প্রকাশিত হয়েছে? ১+১+১+২

সপ্তম পত্র — ২০১০

পূর্ণমান—১০০

[নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ ও ১০ নম্বরের প্রশ্নে ২০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে ১০০ শব্দের মধ্যে উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ভ্রমণ সাহিত্যের প্রধান লক্ষণগুলি উল্লেখ করো। একটি উপযুক্ত ভ্রমণ কাহিনি অনুসরণে এই লক্ষণগুলি স্পষ্ট করো। ৩+৭

(খ) রম্যরচনা কোন্ কোন্ গুণে রমণীয় হয়ে ওঠে? বাংলা সাহিত্যে একটি সফল রম্যরচনা বিশ্লেষণের মাধ্যমে এই সংক্রপটির লক্ষণ সম্পর্কে লেখো। ৩+৭

(গ) একালের সাহিত্য সমালোচনার যে কোনো দুটি পদ্ধতি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

(ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও : (দুটি) ৫+৫

(অ) পত্র সাহিত্য (আ) ডায়েরী (ই) ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধ।

২। (ক) বঙ্কিমচন্দ্রের 'আমার মন' প্রবন্ধটির আপাত লঘু ভাষাটি জীবনের সত্যানুসন্ধানের একটি প্রধান উপায়। — রচনাটি অবলম্বনে আলোচনা করো। ১৫ [অথবা], 'কমলাকান্তের দপ্তর' কোন্ জাতীয় রচনা তা পাঠ্য প্রবন্ধগুলি অনুসরণে লেখো। ১৫

৩। (ক) 'ছিন্নপত্র' গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কেমনভাবে ধরা পড়েছে তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো। ১৫

[অথবা], (খ) 'ছিন্নপত্র' পর্বে দৃষ্টি এবং হৃদয় দিয়ে যে অর্জন, তা-ই শিল্পরূপ নিয়ে অভিব্যক্ত হয়েছে রবীন্দ্রনাথের ছোটগল্পগুলিতে। — আলোচনা করো। ১৫

৪। (ক) 'যে দেশে বহু ধর্ম বহু ভাষা' প্রবন্ধে বহু ভাষা ও সম্প্রদায়ে বিভক্ত

ভারতের ভাষা সমস্যা সমাধানে ও সংহতি বিধানে প্রাবন্ধিক যে পথ নির্দেশ করেছেন তার সংক্ষিপ্ত আলোচনা করো এবং এই বিষয়ে তোমার নিজস্ব অভিমত দাও।

১২+৩

[অথবা], সোভিয়েত ইউনিয়নের বিস্ময়কর প্রগতির মূল পরিকল্পনা সূত্রগুলি নির্দেশ করো। প্রাথমিক ভাবে সেখানে সাফল্য এলেও কোন্ জায়গায় অন্ধ মেলেনি? কৃষির ক্ষেত্রে সেখানে প্রধান দুটি ভুল কী হয়েছিল বলে লেখক মনে করেন, তা বিশদভাবে বুঝিয়ে দাও।

৬+৪+৫

৫। (ক) “অন্ততঃ তিনটি প্রধান দিকে মানুষের মূল্যবোধ আজ নতুন”— কোন্ কোন্ দিকে, ব্যাখ্যা করো। প্রাচীন সাহিত্যের ‘মানবতাবোধের’ সঙ্গে আধুনিক সাহিত্যের ‘মানবতাবাদের’ প্রভেদ নির্দেশ করো।

৩+১২

[অথবা], ‘রবীন্দ্রনাথের উত্তরসাধক হয়ে জন্মানোর জন্য রবীন্দ্র-অনুবর্তী কবিদের যে সংকটের মুখোমুখি হতে হয়েছে তা বুদ্ধদেব বসুর ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

১৫

৬। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) মধ্যযুগের বাংলা কাব্যে লোকায়ত জীবন (খ) বঙ্কিমচন্দ্রের উপন্যাসে ইতিহাসের প্রয়োগ (গ) উনিশ শতকের সাময়িক পত্র (ঘ) রবীন্দ্রনাথের স্বাদেশিক চেতনা (ঙ) রবীন্দ্র-পরবর্তী বাংলা প্রবন্ধ-সাহিত্যের ধারা (চ) স্বাধীনতা-পরবর্তী বাংলা নাটক (ছ) কল্লোলযুগের সাহিত্য।

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র — ২০১০

পূর্ণমান—১০০

[নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ ও ১০ নম্বরের প্রশ্নে ২০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে ১০০ শব্দের মধ্যে উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) নাট্য-ব্যক্তিত্ব হিসেবে ভবভূতির প্রতিভার পরিচয় দাও। ১৫

(খ) শূদ্রকের নাটকগুলি সম্পর্কে আলোচনা করো। কালিদাস-পরবর্তী নাট্যকার হিসেবে তাঁর বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ১০+৫

(গ) দুটি কাব্য অবলম্বনে কালিদাসের কবি-প্রতিভার পরিচয় দাও। ১৫

২। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৫

(ক) বিক্রমোবশীয়ম (খ) কাদম্বরী (গ) গীতগোবিন্দম্ (ঘ) মালবিকাগ্নিমিত্রম্ (ঙ) অভিজ্ঞান শকুন্তলম্।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) কমেডি রচয়িতা হিসেবে নাট্যকার শেক্সপীয়রের বৈশিষ্ট্য তাঁর রচিত বিভিন্ন কমেডি অবলম্বনে আলোচনা করো। ১৫